

# এসএসসি ও দাখিল পরীক্ষা আজ শুরু

## অংশ নিচ্ছে ১০ লক্ষাধিক শিক্ষার্থী

স্টাফ রিপোর্টার

দেশের নয়টি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি, দাখিল ও এসএসসি ভোকেশনাল পরীক্ষা আজ (বৃহস্পতিবার) শুরু হচ্ছে। সকাল ১০টায় ইংরেজি (আবশ্যিক) ১ম পত্র দিয়ে পরীক্ষা শুরু হবে। ইতোমধ্যে সুষ্ঠু, শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা গ্রহণে শিক্ষা বোর্ডগুলো সব প্রস্তুতি সম্পন্ন করেছে। শিক্ষা মন্ত্রণালয় থেকে পরীক্ষায় ছাত্র-শিক্ষক-কর্মকর্তাদের যে কোন অপতৎপরতাকে কঠোর হস্তে দমন করার নির্দেশ দেয়া হয়েছে।

এ বছর সারাদেশে সাতটি শিক্ষা বোর্ড, একটি কারিগরি বোর্ড এবং একটি মাদ্রাসা বোর্ডের অধীনে ২৫ হাজার ৮০৯টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১০ লাখ ১৩ হাজার ৩০১ জন পরীক্ষার্থী অংশ গ্রহণ করছে।

এর মধ্যে এসএসসি পরীক্ষায় ৭ লাখ ৪৭ হাজার ৫৪৫ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে। যার মধ্যে ৩ লাখ ৮৩ হাজার ৭৭০ ছাত্র এবং ৩ লাখ ৬৩ হাজার ৭৭৫ ছাত্রী। এসএসসির মোট পরীক্ষার্থীর মধ্যে এক লাখ ৭৭ হাজার ৬২৮ জন বিজ্ঞানে, ৩ লাখ ২৯ হাজার ৬০৬ জন মানবিকে এবং ২ লাখ ৪০ হাজার ৩১১ পরীক্ষার্থী ব্যবসায় শিক্ষা (বাণিজ্য) শাখা থেকে অংশ নিচ্ছে। মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৮৩ হাজার ৩৮১ জন। যার মধ্যে ১ লাখ ১৫৯ জন ছাত্র এবং ৮৩ হাজার ২২২ জন ছাত্রী। এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার্থীর সংখ্যা ৮২ হাজার ৩৭৫ জন। এর মধ্যে ৫৭ হাজার ২৬২ জন ছাত্র এবং ২৫ হাজার ১১৩ ছাত্রী। এবার ঢাকা বোর্ডের আওতায় বিদেশে মোট ৭টি কেন্দ্র থেকে ২১৯ জন ছাত্রী-ছাত্রী পরীক্ষা দিচ্ছে।

বোর্ড অনুযায়ী সাত বোর্ডের মধ্যে ঢাকা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ২ লাখ ১৯ হাজার ৭৫৮ জন, রাজশাহী বোর্ডে ২ লাখ ৮ হাজার ৬৪৬ জন, কুমিল্লা বোর্ডে ৭৬ হাজার ৯৯০ জন, যশোরে ১ লাখ ৬ হাজার ১৩৯ জন, চট্টগ্রামে ৫৫ হাজার ৮৮ জন, বরিশালে ৪৯ হাজার ১১৬ জন এবং সিলেট বোর্ডে ৩১ হাজার ৮০৮ জন।

সাত বোর্ডের এসএসসি পরীক্ষায় মোট কেন্দ্র সংখ্যা ৮৯৪টি, দাখিলে ৪৭৭টি এবং এসএসসি ভোকেশনাল পরীক্ষায় কেন্দ্র সংখ্যা ৪৬৬টি। এসএসসি পরীক্ষায় মোট ১৫ হাজার ১৩৮টি প্রতিষ্ঠানের শিক্ষার্থী অংশ নিচ্ছে। অন্যদিকে, দাখিলে ৯ হাজার ১৬৮টি মাদ্রাসা এবং ভোকেশনালে ১ হাজার ৫০৩টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী অংশ নিচ্ছে।

পরীক্ষা উপলক্ষে গতকাল (বুধবার) ঢাকা শিক্ষা বোর্ডের সভাকক্ষে সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় ঢাকা বোর্ড চেয়ারম্যান প্রফেসর মো. মনিরুল ইসলাম সাংবাদিকদের বলেন, পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে ফলাফল প্রকাশ করার যথাসাধ্য চেষ্টা করা হবে। পরীক্ষা চলাকালীন কেন্দ্রের আশপাশে ১৪৪ ধারা বলবৎ থাকবে।

সভায় উপস্থিত ছিলেন ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আবদুল ওয়াদুদ, কলেজ পরিদর্শক প্রফেসর মো. সাদেকুর রহমান, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চ মাধ্যমিক) ড. জয়নুল আবেদীন সরকার, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) মো. ফজলে এলাহী, বিদ্যালয় পরিদর্শক মো. মোজাহার হোসেন, শিক্ষাবোর্ড কম্পিউটার কেন্দ্রের সিস্টেম এনালিস্ট মঞ্জুরুল কবীর।